# Times Today BD

আশিকুর রহমান শান্ত | বরিশাল | 05 May, 2025

ভোলা-১ আসনের সাবেক সংসদ সদস্য ও সাবেক ধর্ম প্রতিমন্ত্রী মরহুম আলহাজ্ব মোশারফ হোসেন শাহজাহানের ১৩তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।সোমবার (৫ মে) সকাল ১০টায় ভোলা জেলা বিএনপির কার্যালয়ের সামনে আয়োজিত এ দোয়া মাহফিলে সভাপতিত্ব করেন জেলা বিএনপির আহ্বায়ক আলহাজ্ব গোলাম নবী আলমগীর।অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জেলা বিএনপির সদস্য সচিব রাইসুল আলম।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক হারুন অর রশিদ ট্রুম্যান, ফজলুর রহমান বাচ্চু মোল্লা, হুমায়ুন কবির সোবহান, এনামুল হক, জেলা বিজেপির সভাপতি আমিরুল ইসলাম রতন, সদর উপজেলা বিএনপির আহ্বায়ক আসিফ আলতাফ, সদস্য সচিব মো. হেলাল উদ্দিন এবং জেলা শ্রমিক দলের সভাপতি শহিদুল আলম মানিক।

এছাড়াও বক্তব্য রাখেন জেলা যুবদলের সভাপতি মো. জামাল উদ্দিন লিটন, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক আল আমিন হাওলাদার ও জেলা কৃষক দলের সভাপতি আব্দুর রহমান সেন্টু।

মাহফিলে জেলা বিএনপি, সদর উপজেলা ও পৌর বিএনপিসহ বিএনপির অঙ্গ ও সহযোগী সংগঠন—শ্রমিক দল, কৃষক দল, যুবদল, ছাত্রদল, স্বেচ্ছাসেবক দল, মৎস্যজীবী দল, ওলামা দল এবং প্রজন্ম দলের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

দোয়া মাহফিল শেষে মরহুম মোশারফ হোসেন শাহজাহানের রুহের মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।একই সঙ্গে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান, আরাফাত রহমান কোকো এবং বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনাও করা হয়।

মৃত্যুবার্ষিকী প্রতিমন্ত্রী কৃষক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 06:06

URL: https://www.timestodaybd.com/barishal/9202061972